সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।
স্থাপিত-১৯৯৯

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

www.sariakandipourashava.gov.bd Email: sariakandipourasava@gmail.com

স্মারক নং সাকাপ/প্রঃবিঃ/২০২৩-২৪/ তারিখঃ ১০/০৩/২০২৪ইং।

# নোটিশ

## ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) সভা/২০২৪

এতদ্বারা আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৩/২০২৪ খ্রিঃ রোজ বৃহ:পতিবার সকাল ১১.০০ ঘটিকায় সারিয়াকান্দি পৌরসভার ০৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়ে WC সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করছি।

আলোচ্য বিষয় সমূহঃ

০১। উন্নয়ন বিষয়ে আলোচনা।
০২। পৌরসভার হোল্ডিং কর পরিশোধ প্রসঙ্গে আলোচনা।
০৩। পরিষ্কার পরিচ্ছন্ন করণ বিষয়ে আলোচনা।
০৪। বিবিধ আলোচনা।

(মোঃ আপেল মিয়া রনি)
সভাপতি
WC কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং ০৪
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

বিতরণঃ

০১। জনাব ...........................................
.................................................
WC কমিটির সকল সদস্য বৃন্দ, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

০২। জনাব ...........................................
পিতা/স্বামী..........................................
ওয়ার্ড...........নং ওয়ার্ড, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

বাংলাদেশের সুবর্ণ জয়ন্তী
Bangladesh 50

সারিয়াকান্দি পৌরসভা কার্যালয়
সারিয়াকান্দি, বগুড়া।
স্থাপিত-১৯৯৯

মুজিববর্ষ ১০০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

www.sariakandipourashava.gov.bd
Email: sariakandipourasava@gmail.com

# ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) সভার কার্য্য বিবরণী/২০২৪, সভা নং-০৩-----

সভাপতি ঃ জনাব মো: আপেল মিয়া রনি, কাউন্সিলর, ওয়ার্ড-০৪, সারিয়াকান্দি পৌরসভা,বগুড়া।

তারিখ ঃ ২১/০৩/২০২৪ ইং, রোজ- বৃহ:বার ।

সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা ।

স্থান ঃ ০৪ নং ওয়ার্ড, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক সংলগ্ন,সারিয়াকান্দি শাখা, সারিয়াকান্দি, বগুড়া।

অদ্যকার সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর অদ্যকার সভার আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্লোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০১ ঃ গত সভার কার্য্য বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ পূর্ববর্তী সভার কার্য্যবিবরণী পাঠান্তে সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়।

আলোচ্য সূচী ০২ ঃ উন্নয়ন বিষয়ে আলোচনা ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ অদ্যকার সভায় উন্নয়ন বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভার সভাপতি নির্দেশনা দেন যে, অত্র পৌরসভার হিন্দুকান্দি গ্রামের ০৪ নং ওয়ার্ডে জনসাধারণের সুবিধার্থে জনগুরুত্বপূর্ণ স্থানে রোড লাইট স্থাপন এবং বিভিন্ন রাস্তা-ঘাট চলাচলের অনুপোযোগী রয়েছে তাহা আর,সি,সি রাস্তা নির্মান করা প্রয়োজন এবং এ বিষয়ে উক্ত কমিটির সদস্য জনাব মো: মতিউর রহমান মেয়র, সভায় বলেন যে, IUGIP প্রকল্পের মাধ্যমে অত্র পৌরসভার ০৪ নং ওয়ার্ড হিন্দুকান্দি গ্রামের জনগুরুত্বপূর্ণ রাস্তা-ঘাট নির্মান/পুন :মেরামত করা হবে এবং সকল গনমান্যব্যক্তিবর্গের সহযোগীতা কামনা করেন। পাশাপাশি শিশুর জন্ম ও মৃত্যু নিবন্ধন ৪৫ দিনের নিবন্ধন করতে হবে বলে সভায় আহবান জানান। তাহা সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৩ ঃ পৌরসভার হোল্ডিং কর পরিশোধ প্রসঙ্গে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ অদ্যকার সভায় পৌরসভার হোল্ডিং কর পরিশোধ বিষয়ে আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন যে, অত্র পৌরসভার ০৪ নং ওয়ার্ডে হিন্দুকান্দি গ্রামের সকল নাগরিকগন যাতে পৌর কর সময়মত পরিশোধ করে এবং নাগরিক সেবা সঠিক ভাবে পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে এবং উঠান বৈঠক ও খেলাপী পৌর কর আদায়ের জন্য নোটিশ প্রদান করা যেতে পারে বলে সভায় উত্থাপন করেন। এ বিষয়ে উপস্থিত সকল সদস্য বৃন্দ একমত পোষন করেন এবং পৌর মাসিক সভায় উপস্থাপন বিষয়ে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৪ ঃ পরিষ্কার পরিচ্ছন্ন করণ বিষয়ে আলোচনা।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ উক্ত সভায় পরিষ্কার পরিচ্ছন্ন করণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে জনাব নাজি বেগম, সদস্য, নির্দেশনা দেন যে, অত্র পৌরসভার ০৪ নং ওয়ার্ডে জনদুর্ভোগ এড়াতে জরুরী ভিত্তিতে রাস্তার দুই পাশে ময়লা আবর্জনা ও ড্রেন পরিষ্কার করা প্রয়োজন এবং মশার উপদ্রব রক্ষার্থে ফগার মেশিন দ্বারা অত্র পৌরসভার ০৪ নং ওয়ার্ড হিন্দুকান্দি গ্রামে স্প্রে করা দরকার। এ বিষয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দের সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য সূচী ০৫ ঃ বিবিধ আলোচনা নাই ।

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্য কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষনা করেন।

২২/৬/২৪

(মোঃ আপেল মিয়া রনি)
সভাপতি
WC কমিটি
ও
কাউন্সিলর, ওয়ার্ড নং ০৪
সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

# উপস্থিতি শীট

পৌরসভার নাম ঃ সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া।

ওয়ার্ড সমন্বয় কমিটি (WC) ---০৬--- নং সভা

সভার স্থান ঃ হিন্দুকান্দি ০৪ নং ওয়ার্ড , বীর মুক্তিযোদ্ধা আব্দুল হামিদ সরদার এবং লাভলী বেগম সরকারী প্রাথমিক বিদ্যালয়

সভার তারিখ ঃ ২২/০৬/২০২৪

সময় ঃ সকাল-১১.০০

| ক্রমিক নং | নাম | পদবী | দস্তখত ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | মোঃ আপেল মিয়া (রনি)<br>কাউন্সিলর ওয়ার্ড নং ০৪ (চার),<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সভাপতি | |
| ০২ | মোছাঃ শেফালী বেগম<br>কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৪,০৫,০৭<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সহ-সভাপতি | |
| ০৩ | মোঃ মতিউর রহমান<br>মেয়র<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৪ | মোঃ আশরাফ<br>পিতা- মৃত. গিয়াস ফকির<br>হিন্দুকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৫ | নাজি বেগম<br>পিতা- আলিম উদ্দিন আকন্দ<br>হিন্দুকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | নাজী |
| ০৬ | মোঃ মোজাফ্ফর রহমান<br>পিতা- মৃত বোনা প্রাং<br>হিন্দুকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৭ | মোঃ জাহিদুল ইসলাম<br>পিতা- মৃত. দেলোয়ার হোসেন প্রাং<br>হিন্দুকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ০৮ | মোঃ মোফাজ্জল হোসেন<br>পিতা- গোলাম হোসেন প্রাং<br>হিন্দুকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | মোফাজ্জল |
| ০৯ | মোঃ রাশেদুল হাসান পাভেল<br>পিতা- মোঃ মোজাফ্ফর রহমান<br>হিন্দুকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ১০ | মোছাঃ ইরানি আকতার<br>পিতা- মোঃ ইব্রাহীম আলী সরকার<br>হিন্দুকান্দি, সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য | |
| ১১ | মোঃ শফি মাহমুদ<br>সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত),<br>সারিয়াকান্দি পৌরসভা, বগুড়া। | সদস্য-সচিব | |